EIIN-১১২৬৩৪ . [illegible]-১১৪৬৬

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/নরসিংদী-২৯/ ৭৪৫/৪

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

বিষয় : মৃত্যুজনিত কারণে পুনরায় গভার্ণিং বডির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন সর্বলক্ষণা আলিম মাদ্রাসার চলমান গভার্ণিং বডির সভাপতি জনাব আঃ কাদির গত ১৬.০৮.২০২০ইং মৃত্যুবরণ করায় পদটি শূন্য হয়। মাদ্রাসার অধ্যক্ষ পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৫(৫) অনুসারে শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় জনাব নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন কর্তৃক জনাব মোঃ জামান ভূঞা, পিতা-মৃত মোঃ ইছব আলী ভূঞা-কে সভাপতি হিসেবে সুপারিশ করা হয়।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে গত ২১/০৭/২০১৯খ্রিঃ তারিখের নং বামাশিবো /প্রশা/ ৩২৮১৯১১২৬৩৪১/২০৩৭৪/নথি নং -৮৯ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির প্রজ্ঞাপন অনুযায়ী অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ জামান ভূঞা, পিতা-মৃত মোঃ ইছব আলী ভূঞা-কে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৭.০৯.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

অধ্যক্ষ
সর্বলক্ষণা আলিম মাদ্রাসা
মনোহরদী, নরসিংদী।

২৭/০৯/২০২০

নং-বামাশিবো/প্রশা/ নরসিংদী-২৯/ ৭৪৫/৪

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, নরসিংদী;
২. উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী;
৩. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী;
৪. জনাব মোঃ জামান ভূঞা, সভাপতি, গভার্ণিং বডি, সর্বলক্ষণা আলিম মাদ্রাসা;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, মনোহরদী, নরসিংদী;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

২৭/৯/২০২০

মোঃ ওমর ফারুক
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

২৭/০৯/২০২০

E:\Ra\sovapoti change.docx